কৃষিই সমৃদ্ধি

একই স্মারক নং ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট
www.dae.sylhetdiv.gov.bd

স্মারক নং: ১২.১৬.৯১০০.০৪১.৯৯.০৭২.২১.৪৯৯ তারিখ: ১৫ মে ২০২৪

## বিজ্ঞপ্তি/ নোটিশ

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের জন্য শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।**

সূত্রঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের স্মারক নং-১২.০১.০০০০.৮১১..৯৯.০০৪.২৩.৯৭, তারিখঃ ০৭ মে ২০২৪ মোতাবেক।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ভিশন 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং মিশন 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। সে ক্ষেত্রে অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন করে যাচ্ছে। সে প্রেক্ষিতে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক ও জেলা কার্যালয়, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, হর্টিকালচার সেন্টার, কোয়ারেন্টাইন সেন্টার ও উপজেলা কার্যালয়সমূহের কর্মরত কর্মকর্তা/ কর্মচারী নির্বাচন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুসরণপূর্বক পুরস্কার প্রদান কার্যক্রম সম্পাদন হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ''শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১'' এর অনুচ্ছেদ ৩.৪ এর ১ম অংশ মোতাবেক আওতাধীন জেলা কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়/ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কোয়ারেন্টাইন সেন্টার/ হর্টিকালচার সেন্টারসমূহসহ নিজ নিজ কার্যালয়ের ৩-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন এবং ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/ কর্মচারী ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবেন।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ''শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১'' এর অনুচ্ছেদ ৩.৪ এর ২য় অংশ মোতাবেক আওতাধীন উপজেলা কার্যালয়ের ৪-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন এবং ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/ কর্মচারী ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবেন।

৪। **পুরস্কারের আবেদন ও প্রাপ্তির শর্তাবলীঃ** বিবেচ্য কর্মকর্তা/ কর্মচারীকে নূন্যতম ৬ মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে। ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী পুরস্কারের জন্য বিবেচিত হবেন। প্রাপ্ত নম্বর নূন্যতম ৮০ না হলে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না। কোন কর্মকর্তা/ কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি, পদোন্নতি বা অন্য কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তি ৩ বছরের জন্য পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

**৫। এমতাবস্থায় শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন/ তথ্য (সংযুক্ত ছক মোতাবেক ও প্রমাণকসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৬ মে ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

**৬। এই বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য, জনাব মোহাম্মদ জাকারিয়া, উপসহকারী কৃষি কর্মকর্তা, ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পার্সন অত্র কার্যালয়, মোবাইল নং-০১৭৯৮-৪০৫৮৩৭ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

সংযুক্তঃ ১। আবেদন পত্রের নমুনা-ছক-২: ২-৯ গ্রেডভুক্ত কর্মকর্তা/ কর্মচারীর জন্য।
২। আবেদন পত্রের নমুনা-ছক-৩: ১০-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/ কর্মচারীর জন্য।
৩। আবেদন পত্রের নমুনা-ছক-৪: ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীর জন্য।
৪। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১।

উপরিউল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ মতিউজ্জামান
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট

চলমান পাতা

স্মারক নং: ১২.১৬.৯১০০.০৪১.৯৯.০৭২.২১.৪৯৯ তারিখ: ১৫ মে ২০২৪

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

০১। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, খাদিমনগর, সিলেট।
০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ।
০৩। জনাব মোঃ নাসির উদ্দিন, সিনিয়র মনিটরিং অফিসার, পার্টনার প্রোগ্রাম, সংযুক্ত-অত্র দপ্তর ও সদস্য সচিব, শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি।
০৪। জনাব মোঃ ফারুক হোসাইন, মনিটরিং অফিসার, তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প, সংযুক্ত-অত্র দপ্তর ও সদস্য, শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি।
০৫। অতিরিক্ত উপপরিচালক/ সংগনিরোধ কীটতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর/ তামাবিল/ শেওলা, জকিগঞ্জ, সিলেট।
০৬। উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টার, খাদিমনগর, সিলেট।
০৭। নার্সারী তত্ত্বাবধায়ক, হর্টিকালচার সেন্টার, কুলাউড়া, মৌলভীবাজার।
০৮। মোহাম্মদ জাকারিয়া, উপসহকারী কৃষি কর্মকর্তা, ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পার্সন, অত্র কার্যালয়। আপনাকে বিজ্ঞপ্তিটি অত্র কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ প্রয়োজনীয় ব্যবস্থা জন্য অনুরোধ করা হলো।
০৯। হিসাব শাখা, অত্র কার্যালয়।
১০। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১১। অফিস কপি।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৩। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক , সিলেট।
০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

১৫/৫/২৪

মোঃ মতিউজ্জামান
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট

১৫/০৫/২০২৪